

তারিখ: ০১ জানুয়ারি, ২০২৫

স্মারক নং: রিহাব/ বনভোজন-২০২৫/স্পসর-০১/২৩৬২৭

বরাবর

সম্মানিত সদস্য,

বিষয়: রিহাব বনভোজন ও পিঠা উৎসব- ২০২৫ এর বিভিন্ন ইভেন্ট/গিফট সামগ্রী/ পুরস্কার স্পসরশীপ প্রদান প্রসঙ্গে।

জনাব,

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব) এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রিহাব বাংলাদেশের রিয়েল এস্টেট ও ডেভেলপার প্রতিষ্ঠান সমূহের প্রতিনিধিত্বকারী একমাত্র বাণিজ্যিক সংগঠন। আগামী ২৪ জানুয়ারি, ২০২৫ শুক্রবার গ্রীন ভিউ গলফ রিসোর্ট, আনসার রোড, ভাংনাহাটি, শ্রীপুর, গাজীপুরে রিহাবের বাৎসরিক বনভোজন ও পিঠা উৎসব ২০২৫ এর আয়োজন করা হয়েছে। রিহাব আয়োজিত এই বনভোজনে রিহাবের ১০০০ টি সদস্য প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ সহ তাদের পরিবারবর্গ অংশগ্রহণ করবেন। রিহাবের বার্ষিক বনভোজনে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা (শিশু, পুরুষ, মহিলা), র্যাফেল ড্র, সাংস্কৃতিক অনুষ্ঠান এর আয়োজন থাকবে এবং এই অনুষ্ঠানে প্রায় ১৫০০ লোক অংশগ্রহণ করবেন।


রিহাবের বাৎসরিক বনভোজন ও পিঠা উৎসব ২০২৫ এর জন্য নিম্নলিখিত ইভেন্ট/ গিফট সামগ্রী/পুরস্কার গুলো স্পসর করার জন্য আপনাকে আমন্ত্রণ জানানো হচ্ছে। এই ইভেন্ট গুলিতে আগ্রহী প্রতিষ্ঠান সমূহ স্ব-স্ব প্রতিষ্ঠানের প্রচার বা ব্র্যান্ডিং-এর সুযোগ পাবেন। এছাড়া বনভোজন সংশ্লিষ্ট সকল ব্যানার, লিফলেট, পরিচয় পত্র ও কুপনসমূহে স্পসর প্রতিষ্ঠানের লোগো প্রদান করা হবে।

একই ধারাবাহিকতায় সংশ্লিষ্ট স্পসর প্রতিষ্ঠানের নির্বাহী প্রধানকে স্ব-পরিবারে বনভোজনের আমন্ত্রণ জানানো হবে।

ক্রমিক নং	বিবরণ	
১.	সাংস্কৃতিক অনুষ্ঠান	
২.	র্যাফেল ড্র পুরস্কার (বিমান টিকেট)	
৩.	র্যাফেল ড্র পুরস্কার (টিভি)	
৪.	র্যাফেল ড্র পুরস্কার (ফিজ)	
৫.	র্যাফেল ড্র পুরস্কার (স্মার্ট ফোন)	
৬.	র্যাফেল ড্র পুরস্কার (হোম এ্যাপলায়েস)	
৭.	ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার	
৮.	গিফট আইটেম (টি-শার্ট ও ক্যাপ লগোসহ)	
৯.	গিফট আইটেম (লোগোসহ ব্যাগ)	
১০.	গিফট আইটেম (লোগোসহ মগ)	

উপরোক্ত বিষয়ে আপনার প্রতিষ্ঠানের সক্রিয় অংশগ্রহণ রিহাবের আয়োজনকে অনেক সাফল্য মন্ডিত করবে বলে আমরা আশাবাদী।

ধন্যবাদান্তে-



লিয়াকত আলী ভূঁইয়া

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, রিহাব।



এ. এফ. এম ওবায়দুল্লাহ

চেয়ারম্যান, কালচারাল স্ট্যান্ডিং কমিটি, রিহাব।